কশিপু—[কসিপু] অন্ন, বস্ত্র, গ্রাসাচ্ছাদন, শয্যা, ভক্ত।

ইপু—অন্ত। (৪) চতুরক্ষর।

মধুরিপু —[মুররিপু] বিষ্ণু, মধুসূদন, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
জম্ভরিপু—ইন্দ্র, দেবরাজ, বাসব।
কামরিপু—[পুররিপু] শিব, মহাদেব।

ইপু—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অন্ধকরিপু —শিব, সূর্য্য, চন্দ্র, অগ্নি।

ছর্দ্দিকারিপু—ছোট এলাচ, গুজরাটী এলাচি।

হিড়িম্বরিপু —ভীম, বৃকোদর।

তিমিররিপু —সূর্য্য, আলোক, ভানু।

অসুররিপু —শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

ইপু—অন্ত। (৬) ষড়ক্ষর।

হিরণ্যকশিপু—প্রহ্লাদের পিতা, দৈত্য বিং।

উপু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ফুপু—(যাং) পিতৃস্বসা, পিসী।

এপু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ভেঁপু —(দেং) বংশী বিং।

পে। (১) একাক্ষর।

পে—(ইং) বেতন, মাহিয়ানা, দরমাহা।

ইপো—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ভাইপো—(দেং) ভ্রাতুষ্পুত্র।

ফ। (১) একাক্ষর।

ফ—সংজ্ঞা বিং, স্ফীতি, ফললাভ, ব্যক্ত, স্ফুট, হাই-তোলা, বর্দ্ধক, বাত, ঝঞ্ঝা, সাধন, বর্ণাভাব, নিষ্ফল ভাষণ, ফুৎকৃতি, রুক্ষ উক্তি, প্রয়াগ, ধূম্রা, বামপার্শ্ব, পাদ। ইহাতে জনার্দ্দন, জয়া, উমা, কাল, পশু-পতি, চন্দ্র, ফুৎকার, রাত্রি, ব্যক্তা, পাবন, মোহ-বর্দ্ধন, ফল, গ্রামণী, সখী, দুর্গিনী, পক্ষী, প্রলয়াগ্নি, শিখা, পারক, অক্ষর ইত্যাদি বুঝায়।

অফ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অফ্ —(ইং) উপর, র।

লফ্ —(ধা) প্লুতগতি—লম্ফ, উল্লম্ফন, প্রোল্লম্ফন (ইং) হাস্য

কফ —জলজ, একপ্রকার শরীরস্থ ধাতু, শ্লেষ্মা।

শফ —পশ্বাদির খুর, অশ্বের খুর, বৃক্ষ মূল।

ডম্ফ —(যাং) বাদ্যযন্ত্র বিং, খঞ্জরী বিং, দারা।

লম্ফ —[ঝম্ফ] উল্লম্ফন, লাফান, প্লুতগতি।

অফ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

তরফ —(যাং) পক্ষ, প্রধান গ্রাম, ধার, পার্শ্ব, দিক।

ডোয়র্ফ্ —(ইং) বামন, খর্ব্বাকৃতি।

বরফ —(যাং) হিমানী, তুষার।

দ্বিশফ —যাহাদের খুর দুইভাগে বিভক্ত—গো, মহিষাদি

অফ—অন্ত। (৪) চতুরক্ষর।

হ্যাণ্ডকফ্ —(ইং) হাতকড়ি, হাতবেড়ি।

মেঘকফ —(ঘনকফ) শিল, বর্ষোপল, করকা।

সিন্ধুকফ —[সমুদ্রকফ] সমুদ্রফেণা, কস্তুরী।

অব্ধিকফ —কটল মৎস্যের হাড়।

বংশকফ —বুড়ীর সূতা, আকাশে উড্ডীয়মান সূত্র।

একশফ —একখুরে জন্তু-ঘোটক।

আফ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কাফ্ —(ইং) বাছুর।

লাফ্ —(দেং) উৎপ্লব, লম্ফ। (ইং) হাস্য, হাসি।

ছাফ —(দেং) পরিষ্কার, পরিচ্ছন্ন।

ইফ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

চিফ্ —(ইং) প্রধান।

দৃফ্ —(ধা) পীড়ন করা।

বীফ্ —(ইং) গোমাংস।

ঋফ্ —(ধা) দান করা, প্রশংসা।

রিফ্ —(ধা) কুৎসন-রেফ, রেফিত।

লীফ্ —(ইং) পত্র, পাতা।

রিস্ফ —রাশি চক্র।

ইফ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

নাইফ্ —(ইং) ছুরী।

প্লেন্টিফ্—(ইং) ফরিয়াদি, বাদী।

ইফ—অন্ত। (৪) চতুরক্ষর।

ওয়াইফ্ —স্ত্রী, পত্নী, জায়া।

ওয়াকিফ্—(যাং) জ্ঞাত।

ইফ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

কোওয়াইফ্ —(ইং) সপত্নী, সতিনী।

ক্যাসিয়ালিফ্—(ইং) তেজপত্র।

ইফ—অন্ত। (৬) ষড়ক্ষর।

মিডওয়াইফ্ —[ইং] ধাত্রী, দাই।

হ্যাণ্ডক্যরচিফ্—[ইং] রুমাল।

ইফ—অন্ত। (৭) সপ্তাক্ষর।

কমাণ্ডারইন্‌চিফ্—[ইং] সৈন্যাধ্যক্ষ।

উফ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

রুফ্ —[ইং] ছাদ।

হুফ্ —[ইং] খুর।

গুম্ফ্—[ধা] গ্রন্থন-গুম্ফ, গুফিত, গুম্ফিত।

উল্‌ফ্—[ইং] নেকড়ে বাঘ।

গুফ —[দেং] পর্ব্বত গুহা, গিরিগহ্বর।

গুম্ফ —শ্মশ্রু, গোঁপ, রাহু, গ্রন্থন, গাঁথনি, অলঙ্কার বিং

গুল্‌ফ—পাদমূল, গোড়ালি।

উফ—অন্ত। (৪) চতুরক্ষর।

বেঅকুফ—[যাং] অজ্ঞান, মূর্খ, পাগল।

এফ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ডেফ্ —(ইং) কালা, ঠসা, বধির।

রেফ —র, (́) স্নেহ, রাগ, নীচ, ক্রূর, কৃপণ, কুৎসিত,

নিন্দিত, ঘৃণ্য, অধম, সমাজ পরিত্যক্ত।

শেফ —[শেফঃ. সেফ] মেঢ্র, লিঙ্গ, শাসনকর্ত্তা।

এফ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

দ্বিরেফ —ভ্রমর, বর্ব্বর, মূর্খ।

বিরেফ —রেফ শূন্য, নাদ।

এফ—অন্ত। (৪) চতুরক্ষর।

মুনসেফ —[যাং] বিচারপতি।

শুনঃশেফ—ঋচীক মুনি পুত্র।

ওফ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

লোফ্ —(ইং) পাউরুটী।

গোঁফ —(দেং) ওষ্ঠের উপরিস্থ কেশ, মোচ।

শোফ —স্ফীততা রোগ, ফুলা রোগ, গোদ।

ওফ—অন্ত। (৪) চতুরক্ষর।

দন্তশোফ —দন্তমূল।

ফা। (১) একাক্ষর।

ফা—(দেং) বৃদ্ধি, সন্তাপ, তুলার ফিঁকড়ি।

অফা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দফা —(যাং) শেষ, একবার, পরিচ্ছেদ।

নফা —[যাং] লাভ, মোনাফা।

বফা —(ওফা) (যাং) ফাএদা, উপকার, লাভ।

রফা —(যাং) মিটমাট, পরিষ্কার, সারা, সাঙ্গ।

সফা —(যাং) পত্র, শ্রেণী।

ফা—অন্ত।

আফা—(যাং) মৎস্যোৎপ্লাবন. জনশ্রুতি, গোলমাল।

ইজাফা --(যাং) অতিরিক্ত, জয়েদ, বাজে অঙ্ক।

মুনাফা —(যাং) লভ্য, লাভ।

লেফাফা—(যাং) পত্রাদির আবরক কাগজ বিং।

শিফা—তন্তুবিশিষ্ট শিকড়, নামনা, জটামাংসী, হরিদ্রা, শতপুষ্পী বৃক্ষ, নদী, ময়লা, ঝুড়ি, মাতা।

পুষ্করশিফা—পদ্মের মূল।

রেফাঃ--অধম, নীচ, কৃপণ, ক্রূর, দুষ্ট, দুঃস্থ, নিরবলম্ব।

জিরেফা--[ইং] লম্বপদ ও দীর্ঘ গ্রীবাবিশিষ্ট জন্তু বিং।

কোর্ফা —[যাং] প্রজার অধীনস্থ প্রজা।

ফি, ফু, ফে, ফো—অন্ত।

ফি—(যাং) প্রত্যেক, প্রতি। (ইং) মেহনতানা, মজুরী, ফিস

কফী—কফবিশিষ্ট, শ্লেষ্মা যুক্ত, হস্তী।

কোর্ট ফি—আদালতের দেয় রসুম।

ফিলজফি--[ইং] দর্শন, বিজ্ঞান।

জিওগ্রফি—[ইং] ভূগোল।

ভূফূ—হিংসা করা, সর্প বিং, বিষধর সর্প।

দৃম্ফূ--সর্প, সাপ।

ওরফে--(যাং) অন্য নাম, অর্থাৎ, পরিবর্ত্তে।

ফো—(ইং) শত্রু।

ব। (১) একাক্ষর।

ব—ইহাতে তাপিনী, ভূমি, পূর্ব্বাষাঢ়া, শনি, মধ্য, লিঙ্গ, সুরভি, নাশ, বসুধাধিপ, গোদক, কুম্ভ, ভূধর, পথ, বিহঙ্গ, স্থূল, গণ্ড, বলি, ঘণ্টা, যোদ্ধা, শিব ইত্যাদি বুঝায়। (অন্তঃস্থ ব)—পবন, বায়ু, বরুণ, রাহু, বরুণালয়, সান্ত্বনা করা, মন্ত্র বিং, বারুণী, সূক্ষ্ম বরুণ, বজ্র, সাগর, ত্রিধাতু, শঙ্কর, শ্রেষ্ঠ, যমসাধন, বস্ত্র, বাণ, সাদৃশ্য, বক্ষ, জ্বলিনী।

অব—অম্ব। (২) দ্ব্যক্ষর।

অব্ —(ধা) শব্দ করা-অম্বর, অম্বু।

কব্ —(ধা) স্তুতি-কবি।

শ্রব্ —কর্ণ, শ্রবণ, প্রসিদ্ধি, কীর্ত্তি, ক্ষরণ, চ্যুতি।

ডব্ —(ধা) প্রেরণ-বিড়ম্বনা, বিড়ম্বন, আড়ম্বর।

লব্ —(ধা) আশ্চর্য্য, অবলম্বন, লম্বন, লম্বিত, আলম্বিত

ক্লব্ —(ধা) ভয়-বিক্লব, ক্লবন, ক্রব্য। [ইং] সভা

প্লব্ —(ধা) গমন করা-প্লবন, প্লাবন, প্লাবিত।

শব্ —(ধা) বিকার, বিকৃত হ-শব, শ্মশান, শবল।

লম্ব্ —(ধা) লম্বিত হওয়া, শব্দকরা।

অম্ব্ —(ধা) চলন-অম্বর, অম্বুজ।

গর্ব্ব্ —(ধা) দর্পকরা-গর্ব্ব, গর্ব্বিত।

পর্ব্ব্ —(ধা) পূর্ণহয়, গমন-পর্ব্ব, পার্ব্বণ, পর্ব্বত।

সর্ব্ব্ —(ধা) গমন-সর্ব্ব, সর্ব্বণ।

অব —বিস্তার, ন্যূনতা, বিশ্রাম, আদেশ, শোধন, জ্ঞান, অনাদর, পুষ্টি, নিম্নতা, নিশ্চয়, ব্যাপ্তি, অবলম্বন, নিয়োগ, শুদ্ধি, পরিভব, পালন।

ক্ষব —কাশি, রাজিকা, হাঁচি।

শ্রব —কর্ণ, কাণ, খ্যাতি।

স্রব —ক্ষরণ, পতন, গলন, উৎস, ফোয়ারা।

জব —বেগ, গতি, দ্রুত, ত্বরিত।

যব —স্বনাম খ্যাত শস্য বিং, পরিমাণ বিং, অঙ্গুলি-স্থিত যবাকৃতি রেখা বিং, বেগ, শীঘ্রতা।

তব —তোমার, ত্বদীয়।

স্তব —গুণ বর্ণন, স্তুতি, প্রশংসা।

দব —দাবাগ্নি, দাবানল, বন, সন্তাপ, উপতাপ।

দ্রব —গতি, বেগ, পলায়ন, রস, তরল, ক্ষরিত, ক্রীড়া।

ধব —পতি, মনুষ্য, শঠ, প্রতারক, বৃক্ষ বিং, কম্প।

নব —নূতন, নবীন, স্তব।

স্নব —নিস্রব, ক্ষরণ, গলন।

পব —ধান্যাদির শোধন, বায়ু, গোময়, গোবর।

বব —একাদশ করণের অন্তর্গত প্রথম করণ।

ভব —স্থিতি, জন্ম, বৃত্তি, প্রাপ্তি, জগৎ, শিব, পরমেশ্বর, চালিতা ফল, সত্তা, মঙ্গল, ক্ষেম, উৎকর্ষ, প্রাধান্য

রব —ধ্বনি, শব্দ, কোলাহল।

লব —বিনাশ, রেণু, পুষ্প রেণু, গোপুচ্ছের লোম, কণা,

চূর্ণ,ছেদন,রামচন্দ্রের জ্যেষ্ঠপুত্র,জাতীফল,লবণ, লবঙ্গ,পক্ষ,ভগ্নাংশের রাশি বিং,পক্ষী বিং,অংশ

প্লব —জলচর পক্ষী, ধ্বনি, রব, বানর, মেষ, সাঁতার, চণ্ডাল,ভেক,ভেড়া,লাফাইয়া যাওয়া,শত্রু,প্রেরণ, ভেলা,মাছধরা পলো,পাকুড় গাছ,পানীকৌড়ী।

শব —মৃত শরীর, মড়া, জল, কুণপ।

সব —যজ্ঞ, বলিদান, আহুতি, সন্তান, প্রসব, চন্দ্র, সূর্য্য, জল, পুষ্প রস, সমুদায়, নিখিল।

শংব —মুষলাগ্রস্থিত লৌহ, মণ্ডল, বজ্র, শুভান্বিত।

হব —হোম, যজ্ঞ, আজ্ঞা, আহ্বান।

কব্য —মৃত ব্যক্তির উদ্দেশে দেয় আহারীয় দ্রব্য।

ক্রব্য —মাংস, আমমাংস।

গব্য —গোসম্বন্ধীয়,দুগ্ধ,ঘৃতাদি,গোময়াদি,জ্যা,রাগদ্রব্য

শ্রব্য —শ্রোতব্য, শুনিবার যোগ্য।

যব্য —যব শস্য জন্মিবার উপযুক্ত ক্ষেত্র, মাস।

দ্রব্য –বিত্ত,পদার্থ,ক্ষিতি-অপ-তেজঃ-বায়ু-আকাশ-দিক্-কাল-আত্মা-মনঃ-এইনয় আদি পদার্থ, পৃথিব্যাদি, বিলোপন, ভেষজ, পিত্তল, বাজী, পণ, ভৈষজ্য দ্রব্য, বৃক্ষাদির মূল-নির্য্যাস, লাক্ষা, জতু, গঁদ, বিনয়, মদ্য, যোগ্য।

নব্য —নূতন,যুবা,অল্পকালীন, অল্প বয়স্ক,স্তব,প্রশংসা।

ভব্য —শুভ জনক,শিষ্ট,সাধু,ভাগ্যবান,সমীচীন,যোগ্য,

সত্য, অনাগত, ভাবী, শুভ, অস্থি, চালীতা ফল, রস বিং, কামরাঙ্গা গাছ, কর্ম্মরঙ্গক, কারণ ।৮

রব্য —বৃক্ষ বিভেদ।

সব্য —বাম, বামহস্ত, দক্ষিণ দিক্, প্রতিকুল, বিষ্ণু।

শংব্য —সৌভাগ্য ক্রমে, সৌভাগ্যপূর্ব্বক, কল্যাণ, শাস্ত্র।

হব্য —ঘৃত, হোম, হবিঃ, হবনীয় দ্রব্য।

শ্রবঃ —কাণ, কর্ণ, ক্ষরণ, ক্ষরণ, খ্যাতি।

স্তম্ব —কাণ্ড, স্কন্ধহীন বৃক্ষ, গোছা, খুঁটী, অজ্ঞান অবস্থা।

লম্ব —লম্বায়মান, স্রস্ত, ঝোলান, বিস্তৃত, দীর্ঘ, প্রসারিত, ঘুঁস, কান্ত, অঙ্গ, নর্ত্তক, অবলম্ব, উর্দ্ধ্ব রেখা।

শম্ব —বজ্র, লৌহমণ্ডল, শাঁপি, ভাগ্যবান্, শুভান্বিত, দ্বিতীয়বার কর্ষণ, লোহার গোলা, লৌহকাঞ্চি।

সম্ব —জল, বারদ্বয় কর্ষণ, দুইবার চষা, প্রতি লোম কর্ষণ, উল্টা দিকে চষা। (ধা) গমন-সম্বিত, সম্বন

খর্ব্ব —সংখ্যা বিং, স্থুল, ছোট, কুবেরের নিধি বিং (ধা) গমন

গর্ব্ব —দর্প, অহঙ্কার, অন্যকে অবজ্ঞা।

চর্ব্ব —(ধা) চিবান, চর্ব্বণ ক্ত—চর্ব্বণ, চর্ব্বিত, চর্ব্ব্য।

দর্ব্ব —রাক্ষস, হিংস্র, দন্দশূক।

পর্ব্ব —গ্রন্থিবিচ্ছেদ, গাঁট, সন্ধি, ভঙ্গী, পাব, উৎসব।

শর্ব্ব —মহাদেব, শিব।

সর্ব্ব —সমুদায়, শিব, বিষ্ণু।

চর্ব্ব্য —যাহা চিবাইয়া খাইতে হয়, চর্ব্বণীয়, চর্ব্বণ যোগ্য

অব—অন্ত। (৩) ত্র্যক্ষর।

রাঙ্কব —পশু রোম নির্ম্মিত বস্ত্রাদি, রঙ্কু সম্বন্ধীয়।
ঐক্ষব —ইক্ষু সম্বন্ধীয়, গুড়, চিনী প্রভৃতি।
অঙ্গব —শুষ্ক ফল, বিপ্রদহ।
পুঙ্গব —বৃষ,মহোক্ষ, শব্দের পর থাকিলে শ্রেষ্ঠ বুঝায়
সঙ্গব —প্রাতঃকালের পর মুহূর্ত্তত্রয়।
ভার্গব —পরশুরাম, শুক্রাচার্য্য,ধনুর্দ্ধারী, হস্তী, দেশবিং
যড়্গব —ছয়টী গোরু।
রাঘব —রাম চন্দ্র, রঘুবংশীয়, সাগর, রাঘব-বোয়াল।
(দেং) অনিমন্ত্রণে আগত ব্রাহ্মণ, রেয়োভাট
লাঘব —আরোগ্য,অপমান,ভাররাহিত্য,স্বাস্থ্য,শীঘ্রতা
আশ্রব—প্রতিজ্ঞা,স্বীকার,ক্লেশ,দোষ,কথার বাধ্য, বশ্য
আস্রব —ক্ষরণ, ক্লেশ, দুঃখ।
দুঃশ্রব—অশ্রাব্য, যাহা শুনিলে দুঃখ উপস্থিত হয়।
নিস্রব —[নিঃস্রব] ভাতের মাড়, বহির্গমন, গমন,ক্ষরণ
সংশ্রব —(সংস্রব) সম্পর্ক, মিলন, সম্বন্ধ, প্রতিজ্ঞা।
আজব —[তাজ্জব] (দেং) অদ্ভুত, আশ্চর্য্য।
গজব —(যাং) আপদ, বিপদ।
প্রজব —প্রকৃষ্ট বেগ, দ্রুত গতি, আশুগমন।
আর্জ্জব--ঋজুতা, সরলতা, সারল্য।
পাটব —পটুতা, নৈপুণ্য, আরোগ্য।
সৌষ্ঠব —আধিক্য, সৌন্দর্য্য, নাটকের অংশ বিং,লঘুতা

খাণ্ডব —দেশ বিং, ইন্দ্রের বন।
তাণ্ডব —মুনি বিং, পুরুষের নৃত্য, শিবের নৃত্য, নৃত্য।
পাণ্ডব —পাণ্ডু রাজার পুত্র-যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডব।
মণ্ডব —(দেং) [মণ্ডপ] দেবগৃহ, পূজার স্থান-দালান।
কিতব —কপট, পাশা ক্রীড়াকারী, গন্ধদ্রব্য বিং।
কৈতব —কপট. ছল,পাশাক্রীড়া, বৈদূর্য্য মণি।
যৌতব —যুবতী সমূহ, পরিমাণ।
পৌতব —পরিমাণ, ওজন, মাপ।
শাত্রব —শত্রু, শত্রুতা, দ্বেষ, শত্রু সমূহ।
তান্তব —তন্তু নির্ম্মিত, সূত্র নির্ম্মিত বস্ত্র।
আর্ত্তব —স্ত্রীরজঃ সম্বন্ধীয়,গ্রীষ্মাদি ঋতু সম্বন্ধীয়,স্ত্রীরজঃ
বাস্তব —যথার্থ, প্রকৃত, পরমার্থভূত বস্তু।
সংস্তব —আলাপ, প্রশংসা. স্তুতি, পরিচয়।
পার্থব —পৃথুতা, স্থূলতা।
যাদব —শ্রীকৃষ্ণ, যদু সম্বন্ধীয়, গো-মহিষাদিরূপ ধন।
কোদ্রব—ধান্য বিং, কোদো ধান।
গোদ্রব —গোমূত্র,গোচনা।
প্রদ্রব —প্রস্থান, পলায়ন, ধাবন, অপগম।
বিদ্রব —দ্রবীভাব,পলায়ন গলন,নিন্দা,যুদ্ধ,বুদ্ধি, ভয়।
ঐন্দব —চন্দ্রসম্বন্ধীয়, মৃগশিরা নক্ষত্র, লতা বিং।
কান্দব —ভক্ষ্যদ্রব্য বিং, পক্কান্ন, মিঠাই প্রভৃতি।
মার্দ্দব —মৃদুত্ব,কোমলত্ব,বর্ণসঙ্কর জাতি বিং, কোমলতা

মাধব —বিষ্ণু, বৈশাখমাস, বসন্তকাল, মধুক বৃক্ষ, কৃষ্ণ মুদ্‌গ, মধু সম্বন্ধীয়, নারায়ণ, মৌলগাছ।

উদ্ধব —উৎসব, আনন্দজনককর্ম্ম, যজ্ঞাগ্নি, কৃষ্ণের সখা

বান্ধব —বন্ধু, জ্ঞাতি, সুহৃদ্‌, আত্মীয়, স্বজন, ভ্রাতা।

সৈন্ধব —ঘোটক, অশ্ব, সমুদ্রজাত লবণ, সিন্ধুদেশীয়।

তানব —তনুতা, কার্শ্য, কৃশতা, ক্ষীণতা।

দানব —দৈত্য, অসুর, দনুজ, দেবারি।

পণব —বাদ্য যন্ত্র বিং, ছন্দো বিং, প্রণব।

প্রণব —ঈশ্বরের গূঢ় নাম, বেদের আদিবীজ—ওঁকার, ক্ষুদ্র ঢক্কা, ছোট ঢাক, মন্ত্রসেতু।

বৈণব —বংশ নির্ম্মিত, বেণু সম্বন্ধীয়, ডোম, বেণু ফল।

মাণব —উপনয়ন যোগ্য মনুষ্য, হার বিং, ব্রাহ্মণতনয়

মানব —মনুর অপত্য, মনুষ্য, মনু সম্বন্ধীয়।

অর্ণব —সমুদ্র, জলধি।

প্রস্নব —ক্ষরণ, দুগ্ধ ক্ষরণ।

বৈষ্ণব —বিষ্ণু সম্বন্ধীয়, বিষ্ণুভক্ত, হোম ভস্ম।

সবব —(ছবব) [যাং] হেতু, কারণ।

জাম্বব —জম্বু, জাম, স্বর্ণ, জাম্ববান্‌।

অভব —প্রলয়, মোক্ষ, বিনাশ, স্থায়ী, বিনশ্বর।

প্রভব —উৎপত্তি, জন্ম, উৎপত্তিস্থান, উৎপাদক, বল, মুনি বিং, মূল, স্থান, পরাক্রম, বৎসরবিং, প্রাধান্য, জাত

বিভব —ধন, সম্পত্তি, মোক্ষ, বৎসরবিং, প্রভুত্ব, মহত্ত্ব, মুক্তি

বৈভব —সামর্থ্য, বিভব, সম্পত্তি, ঐশ্বর্য্য, মহিমা।
শীভব —শীকর, জল কণা, বায়ু।
উদ্ভব —জন্ম, উৎপত্তি, আবির্ভাব।
সম্ভব —হেতু, কারণ, জন্ম, মিলন, যোগ্যতা, জৈন বিং; সম্ভাবনা, সঙ্কেত, যুক্তি, ক্ষতি, সখ্য, শক্তি।
শাম্ভব —শিব ভক্ত, শৈব, দেবদারু বৃক্ষ, বিষ বিং।
অরব —নিস্তব্ধ।
আরব —ধ্বনি, শব্দ, দেশ বিং।
কারব —কাক, বায়স।
কৈরব —কুমুদ, শ্বেতোৎপল, শত্রু, শঠ, ধূর্ত্ত, আততায়ী।
কৌরব—কুরু বংশীয়, কৌরব্য।
গরব —(দেং) অহঙ্কার, দর্প।
গৌরব —প্রভাব, গুরুত্ব, মহিমা, আদর, সম্মান, উৎকর্ষ।
জরব —(যাং) কোপ, প্রহার, আঘাত।
দারব —কাষ্ঠ নির্ম্মিত, দারুময়।
নিরব —[নীরব] নিঃশব্দ, মৌনী, স্তব্ধ, অবাক্।
পরব —উৎসব, আনন্দ জনক ক্রিয়া।
পৌরব —পুরুবংশীয়, পুরু বংশোদ্ভূত।
ফেরব —হিংস্র, খল, শঠ, রাক্ষস, শৃগাল।
বোরব —ধান্য বিং, বোরধান।
ভারব —ধনুর্গুণ, ধনুকের ছিলা।
ভৈরব —ভীষণ, ভয়ানক রস, রাগ বিং, নদ বিং, শিব,

তদষ্টমূর্ত্তি যথা-অসিতাঙ্গ-রুরু-চণ্ড-ক্রোধ-
উন্মত্ত-কপাল-ভীষণ-সংহার, ভয়ঙ্কর।

রৌরব —নরক বিং, ভয়ঙ্কর, ধূর্ত্ত, রুরু সম্বন্ধীয়।

হূরব —শৃগাল, শিবা, যাম ঘোষ, ফেরু।

ওড়ব —পঞ্চস্বর যুক্ত রাগ।

কুড়ব—পরিমাণবিং, প্রস্থ ৪র্থ ভাগ,বৈদ্যমতে৩২তোলা

বাড়ব —সমুদ্রীয় অগ্নি, ব্রাহ্মণ, বড়বা সমূহ, করণ বিং,
পাতাল, বড়বা সম্বন্ধীয়।

ষাড়ব —বর্ণসঙ্কর জাতি বিং, মাল।

ষাড়ব —গান, রস, ছয় স্বরে মিলিত রাগিণী।

কৌলব—একাদশ করণান্তর্গত তৃতীয় করণ।

গালব —লোধ্র বৃক্ষ, স্বনাম খ্যাত মুনি বিং, গলব পুত্র

দালব —বিষ বিং।

পলব —মৎস্য ধারণ যন্ত্র বিং, মাছ ধরা পলো।

পেলব —শীর্ণ, কৃশ, কোমল, মৃদু, বিরল, সূক্ষ্ম।

বালব —একাদশ করণান্তর্গত ২য় করণ।

মালব —অবন্তি দেশ, মলোয়া রাগ বিং।

শালব —লোধ্র, লোধ বৃক্ষ।

পল্লব —কিশলয়,নবপত্র,ছোটডাল,ফেঁকড়ি,বল,আলতা,
বিস্তার, যিড়্‌গ, বলয়, অঙ্কুর, শৃঙ্গার।

বল্লব —পাচক, সূপকার, ভীম সেন, গোপ।

বিল্পব—বিহ্বল, কাতর, ভীরু, উপহত, জড়তা, ভ্রান্তি,

ঔদাস্য, বিবশ, উদ্ভ্রান্ত, নিয়মাসমর্থ।

মৎলব — [যাং] অভিপ্রায়, ইচ্ছা।

আপ্লব —স্নান, অবগাহন, জলপ্লাবন, জলসেচন, জলোচ্ছাস

বিপ্লব —ধ্বংস, বিবাদ, বিনাশ, দেশলুণ্ঠন, ভয়প্রাপ্তি, পাপ

আসব —যে মত্ততা জন্মায়=মদ্য, মধু, তাড়ি।

কেশব —বিষ্ণু, পুন্নাগবৃক্ষ, প্রশস্ত কেশ, জলে মৃত দেহ

কে-সব—(দেং) ইহারা কে? এসকল কে?

গোসব —গোমেধ যজ্ঞ। (দেং) গরু সকল।

পাশব —পশুর দল, পশু সমূহ, পশু সম্বন্ধীয়।

প্রসব — পুষ্প, অপত্যজন্মান, উৎপত্তি, সন্তান, ফল, বিস্তার

পাংশব—লবণ বিং, পাঙ্গা লুণ।

বাসব —যিনি স্বর্গে বাস করেন=ইন্দ্র, পুরন্দর।

শৈশব —শিশুত্ব, বাল্যাবস্থা, ছেলেবেলা, বাল্যকাল।

উৎসব —যে সুখ প্রসব করে, আনন্দ ব্যাপার, আনন্দ

পার্শব —পরশুধারী যোদ্ধা।

আহব —যেখানে বীরগণ আহুত হয়—যুদ্ধ, যজ্ঞ।

নিহব —আহ্বান।

নিহ্নব —কোন বিষয় গোপন করণ, অস্বীকার, অপলাপ

পহ্নব —শ্মশ্রুধারী, ম্লেচ্ছজাতি বিং।

বায়ব্য —বায়ু সম্বন্ধীয়, বায়ু দৈবত, বায়ু কোণ।

মৃগব্য —মৃগয়া, শিকার।

পিচব্য —কার্পাস বৃক্ষ, তুলা গাছ।

কাটব্য—কটুতা, কার্কশ্য।

দ্রষ্টব্য—দর্শনীয়, দেখিবার যোগ্য, প্রত্যক্ষ, স্পষ্ট।

প্রষ্টব্য—জিজ্ঞাস্য, প্রশ্ন যোগ্য।

মাণ্ডব্য—মুনি বিং।

ক্রেতব্য—কিনিবার উপযুক্ত বস্তু।

জ্ঞাতব্য—জানিবার যোগ্য, জ্ঞেয়।

শ্রোতব্য—শ্রবণ যোগ্য, শ্রবণীয়।

যাতব্য—গন্তব্য, গমনীয়, গমন যোগ্য, আক্রমণীয়।

জেতব্য—যাহাকে জয় করিতে হইবে-জেয়।

দাতব্য—দান যোগ্য, দেয়।

ধ্যাতব্য—ধ্যান যোগ্য, ধ্যেয়, স্মরণীয়, আলোচনীয়।

হাতব্য—ত্যক্তব্য, ত্যাগ যোগ্য।

বক্তব্য—বচনীয়, কথনীয়, নিন্দা, কুৎসিত।

ক্ষন্তব্য—ক্ষমা করিবার উপযুক্ত।

গন্তব্য—প্রাপ্য, প্রাপ্তব্য, জ্ঞেয়, গম্য, গমনীয়।

মন্তব্য—মননীয়, বিচার্য্য, চিন্তনীয়, বিবেচ্য, জ্ঞেয়, গ্রাহ্য।

হন্তব্য—হননীয়, বধ যোগ্য, গুণ্য।

কর্ত্তব্য—করণীয়, করণোপযুক্ত, করাউচিত, উচিত, বিধেয়

ধর্ত্তব্য—ধারণ যোগ্য, বিবেচ্য, গ্রাহ্য, মান্য, ধার্য্য।

ভর্ত্তব্য—ভরণীয়, প্রতিপাল্য, পোষণীয়।

স্মর্ত্তব্য—স্মৃতি যোগ্য, স্মরণীয়।

বস্তব্য—বাস যোগ্য, বাসোপযোগী।

বাস্তব্য—বাসযোগ্য, বাসকারী, প্রতিবাসী, বসতি।

অদ্রব্য—মন্দ দ্রব্য।

বৈধব্য—পতিহীনতা, বিধবাত্ব, রণ্ডাবস্থা।

দগ্ধব্য—দাহ যোগ্য, দাহ্য।

মাণব্য—শিশু সমূহ, মাণব সমূহ, বাল্যাবস্থা।

মানব্য—মানব সমূহ, মনুষ্য সকল।

অভব্য—সম্ভব যোগ্য, হতভাগ্য, শঠ, অবিনীত, অসভ্য

সম্ভব্য—সম্ভাবনাযোগ্য, সম্ভাবনীয়, কপিত্থ, কয়েত বেল

ঊরব্য—যে ব্রহ্মার উরুদেশে জন্মিয়াছে-বৈশ্যজাতি।

কৌরব্য—কুরুবংশীয়।

শরব্য—লক্ষ্য, বাণের নিশানা।

বাড়ব্য—ব্রাহ্মণ সমূহ, বড়বা সম্বন্ধীয়।

বোঢ়ব্য—বহনীয়, বহনযোগ্য, বাহ্য।

তালব্য—তালু সম্বন্ধীয়, তালু হইতে উচ্চারিত বর্ণ।

বৈক্লব্য—কাতরতা, চিত্তচাঞ্চল্য, বিহ্বলতা।

অসব্য—সব্যেতর-দক্ষিণ।

পশব্য—পশুর যোগ্য, পশু সম্বন্ধীয়।

প্রসব্য—বিপরীত, প্রতিপক্ষ, প্রতিকূল।

নিতম্ব—স্ত্রীলোকদিগের কটিদেশের পশ্চাদ্ভাগ, পাছা, পর্ব্বতের পার্শ্বদেশ, কটক, স্কন্ধ, তট।

কদম্ব—কদম গাছ, কদম্ব পুষ্প, সমূহ, রাশি।

কাদম্ব—কদম্ব বৃক্ষ, বালিহাঁস, পাতিহাঁস, কদম্বসম্বন্ধীয়।

করম্ব --মিশ্রণ, মিশ্রিত, নীলকাষ্ঠ, গরম,তপ্ত,যুক্ত।

হেরম্ব —গণেশ, মহিষ গর্ব্বিত বীর, যুদ্ধ।

কড়ম্ব —শাকাদির ডাঁটা-কুঁড়ি-অগ্রভাগ. কলম্ব,(দেং) যে বালকের মৃত্যুহইলে বংশ থাকেনা।

আলম্ব —আশ্রয়, অবলম্বন, আধার।

কলম্ব —কদম্ববৃক্ষ, শাকের ডাঁটা, বাণ, শর।

প্রলম্ব —দৈত্য বিং.ত্রিপুর,পয়োধর,শাখা,ঝুরি,মন্দগতি

প্রালম্ব —কণ্ঠাবধি ঋজু ভাবে লম্বমান মাল্য।

বিলম্ব —দোলন, লম্বন, অশীঘ্রতা, গৌণ, দেরি।

ব্যালম্ব —রাঙ্গা ভেরেণ্ডা, রক্ত এরণ্ড।

রোলম্ব —ভ্রমর, শুষ্ক ভূমি,টান জমি, অবিশ্বাসী।

অখর্ব্ব —লম্বা, দীর্ঘ, অক্ষুদ্র।

নখর্ব্ব —বামন, খাট, দশসহস্র কোটি সংখ্যা।

অথর্ব্ব —চতুর্থ বেদ, মন্ত্র বিং, অতি বৃদ্ধ।

গন্ধর্ব্ব —যাদের গানই ধর্ম্ম,স্বর্গের গায়ক,হরিণ,ঘোড়া, যক্ষ, উপদেবতা বিং, গুপ্তপ্রাণ, সূর্য্য,ধার্ম্মিক

গান্ধর্ব্ব —গন্ধর্ব্ব্য, বিবাহ বিং, অশ্ব, দ্বীপ বিং, গান।

অব—অন্ত। (৪) চতুরক্ষর।

অবয়ব —অঙ্গ, হস্ত পদাদি, অংশ, উপকরণ।

অজকব —[অজগব, আজগব] পিনাক, শিবের ধনু।

অয়োগব —(আয়োগব) বর্ণসঙ্কর জাতী বিং।

অনুগব —দৈর্ঘ্য, লম্বা।

পৌরোগব--পাকশালার অধ্যক্ষ=পাচক।
মহাগব —গো সদৃশ পশু, গবয়, চমর।
পরাঙ্গব —সমুদ্র, জলধি।
জরদগব —বৃদ্ধ বৃষ, গৃধ্র বিং, জীর্ণ বিষ, বৃদ্ধ বৃক্ষ।
প্রতিশ্রব —অঙ্গীকার, স্বীকার।
কাকযব —তণ্ডুল রহিত ধান, আগ্‌ড়া।
অতিজব --অতিশয় বেগবান্, দ্রুতগামী।
ইন্দ্রযব —কুটজ বৃক্ষের তিক্ত বীজ।
মধ্যযব —ছয়টী শ্বেত সর্ষপ পরিমাণ, ওজন বিং।
বেণুযব —বাঁশের চাউল, বেণুচর।
মনোজব —অতিশয় বেগবান্,পিতৃতুল্য,বিষ্ণু,মনের বেগ
মহাজব —গবয়, চমর মৃগ।
অনার্জ্জব —কপটতা,সরলতারাহিত্য,রোগ,কুটিল,বক্র।
অপাটব —অপটুতা, জড়তা, অসুস্থতা, রোগ।
অসৌষ্ঠব —শোভাহীন, শোভা রাহিত্য।
সসৌষ্ঠব —বেগগামী, সত্বর, অতিশয় সুন্দর।
কারণ্ডব —হংস বিং, খড়ি হাঁস।
অকৈতব —অকপটতা, বঞ্চনা শূন্য।
অবথব —(দেং) বলহীন, অসমর্থ।
মবগব —(দেং) স্তব্ধ, অকর্ম্মণ্য,অশক্ত,অপটু, অথর্ব্ব।
অগুদ্রব —প্রলয়,নাশ,অসাহস,বিমূঢ়ভাব,অগুদ্রবীকরণ
উপদ্রব —উৎপাত, অমঙ্গল, দুর্ঘটনা, দৌরাত্ম্য।

পুষ্পদ্রব —পুষ্প রস, মধু।
হরিদ্রব --নাগকেশর পুষ্প রেণু।
রমাধব —বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
অবান্ধব —আত্মীয় কুটুম্ব শূন্য, একক,একলা, অস্বীকৃত
প্রতিনব —(অভিনব) নূতন।
শান্তনব —শান্তনুর পুত্র, ভীষ্ম, কৌরব পিতামহ।
আদীনব --যাতনা, দুঃখ, দোষ, যে ব্যক্তি দুঃখ দেয়।
স্বর্ভানব —রত্ন বিং, গোমেধক মণি।
একার্ণব —একাকার, জলেআপ্লুত, সমুদ্র।
পুনর্ণব —নখ, নখর।
জলার্ণব —বর্ষাকাল, জলসমূদ্র,পরিস্কৃতজলবিশিষ্টসমুদ্র
অধোভব --নীচস্থ, নিম্নস্থিত।
অনুভব —উপলব্ধি, জ্ঞান, বোধ, প্রতীতি।
অর্ণোভব —শঙ্খ, শাঁক।
পুংপ্রভব —পিতৃক ও মাতৃক উৎপাদয়িতা-পিতামহাদি
অভিভব —(পরিভব)(পরিভাব)(পরীভব) পরাভব।
রসভব —রক্ত, রুধির।
বার্য্যুদ্ভব —পদ্ম, কমল।
ঘটোদ্ভব --অগস্ত্য মুনি, কুম্ভযোনি।
আত্মোদ্ভব—শরীর হইতে যাহার উৎপন্ন হয়—পুত্র।
পদ্মোদ্ভব —পদ্মযোনি, বিধাতা, ব্রহ্মা।
সুধোদ্ভব —ধন্বন্তরি।

সিন্ধূদ্ভব —সৈন্ধব লবণ, সিন্ধূপল।
তৃণোদ্ভব --বিনাচাষে যে ধান্য জন্মায়=নীবার,উড়িধান
সমুদ্ভব —উৎপত্তি, জন্ম, কারণ, জাত।
নীড়োদ্ভব—নীড়জ, নীড়োৎপন্ন, পক্ষী।
শিলোদ্ভব—শিলা হইতে বা শিলার উপরে উৎপন্ন।
রসোদ্ভব —হিঙ্গুল, রস জাত।
অসম্ভব —যাহা সম্ভব নহে,বিশ্বাসের অযোগ্য।
অন্তর্ভব —আন্তরিক, অন্তরোদ্ভব।
পুনর্ভব —কররুহ,নখ,রক্তপুনর্ণবাশাক,পুনর্ব্বার জাত
পৌনর্ভব —দ্বিরূঢ়ার পুত্র,দুইবার বিবাহিতা স্ত্রীর পুত্র
জয়ারব —জয়গীতি, জয়লব্ধ সৈন্যগণের জয়ধ্বনি।
অগৌরব —অনাদর, অসম্মান. অগুরুত্ব।
কটুরব —ভেক, বেঙ্, কর্ক্কশ স্বর।
কণ্ঠারব —কপোত, সিংহ, মদমত্ত মাতঙ্গ।
প্রতিরব —প্রতিধ্বনি, প্রতিশব্দ।
জনরব —জনশ্রুতি, কোলাহল, খ্যাতি, গল্প।
অপরব —বিবাদ, কলহ, অনৈক্য।
কলরব —কপোত, জনরব, কোকিল,কলকলধ্বনী।
কুহূরব —কোকিল, কুহূধ্বনী।
কুশলব —রামপুত্র দ্বয়।
কুশীলব —নট, নর্ত্তক, রামপুত্র দ্বয়, চারণ, কথকাদি, নাটক অভিনেতা, যাচক, কীর্ত্তিপ্রচারক।

অনুপ্লব —অনুচর, সহায়।
উপপ্লব —প্রতিবন্ধক, বিপদ, উপদ্রব, ভয়, রাহুগ্রহ, চন্দ্র বা সূর্য্য গ্রহণ, প্রজা বিদ্রোহ।
সোপপ্লব —রাহুগ্রস্ত চন্দ্র বা সূর্য্য।
সমপ্লব —(সম্প্লব)সংক্ষোভ, চাঞ্চল্য, বন্যা।
পরিপ্লব —কম্পমান, চপল, মজ্জন, জলপ্লাবন,পীড়ন।
পারিপ্লব —কম্পমান, চঞ্চল, কাতর, ব্যাকুল।
জলপ্লব —জল নকুল, উদ্বিড়াল।
মরুৎপ্লব —সিংহ, মৃগেন্দ্র।
বক্ত্রাসব —(স্মরাসব, আস্যাসব) মুখামৃত, লালা।
মধ্বাসব —মধু জনিত মদ্য, মৌল পুষ্পের মদ।
পুষ্পাসব —মকরন্দ, ফুলের মধু।
অভিষব —স্নান, যজ্ঞান্ত স্নান, কাঁজি, মদ্য সন্ধান।
পারশব —পরস্ত্রী তনয়,লৌহাস্ত্র,লৌহ,পরশুসম্বন্ধীয়।
শক্রোৎসব—উৎসব বিং, শক্রোত্থান জন্য উৎসব।
সুখোৎসব—ভর্ত্তা, পতি, স্বামী, আনন্দোৎসব।
মধূৎসব —বসন্তোৎসব, চৈত্র পূর্ণিমা, হোলি।
অগ্ন্যুৎসব—দোলে চাচর, হর্ষসূচক অগ্নিক্রীড়া।
পুষ্পোৎসব-কুসুম ক্রিয়া, ঋতুৎসব।
সরোৎসব—সারস পক্ষী।
মহোৎসব—অত্যন্ত আনন্দ জনক ব্যাপার।
জিতাহব —যে যুদ্ধ জয় করিয়াছে, সমর বিজয়ী।

উপহব —আহ্বান, আমন্ত্রণ, আবাহন।
ডিম্বাহব —সামান্য যুদ্ধ, যে যুদ্ধে রাজা নাই।
অপহ্নব —অপলাপ, জানিয়াও গোপন করা, স্নেহ।
পঞ্চগব্য —দধি-দুগ্ধ-ঘৃত-গোমূত্র-গোময় এই পঞ্চবস্তু।
পঠিতব্য —পাঠ্য, পাঠ যোগ্য, পাঠোপযুক্ত।
বর্ত্তিতব্য —স্থাতব্য, স্থিতিশীল।
বেদিতব্য —জ্ঞাতব্য, জানিবার যোগ্য।
বোধিতব্য—জ্ঞাপনীয়, জানাইবার যোগ্য।
সন্ধাতব্য —যাহার সহিত সন্ধি কর্ত্তব্য।
পণিতব্য —ব্যবহার্য্য, স্তোতব্য, বেচিবার উপযুক্ত।
ভবিতব্য —অবশ্যম্ভাবী, বিধাতার নিরূপিত।
আসিতব্য—অবস্থিতি।
অবক্তব্য —যাহা বাক্য দ্বারা বলা যায়না, অকথ্য।
অকর্ত্তব্য —যাহা করা উচিত নয়, অকরণীয়।
কিংকর্ত্তব্য—(কিঙ্কর্ত্তব্য) কিকরাউচিত, কিকরিতে হইবে
গণদ্রব্য —যে বস্তুতে সাধারণের অধিকার আছে।
অপদ্রব্য —মন্দ জিনিস, ময়লা, মিশ্রণ, ব্যভিচার।
মূলদ্রব্য —আসল ধন, পুঁজি।
আয়ুর্দ্রব্য —ঔষধ, ভেষজ।
কৌশিলব্য—কুশীলবের ব্যবসা।
প্রতিসব্য —প্রতিকূল, বিপরীত, সব্যেতর।
অপসব্য —ডানদিক, বিপরীত দিক্, প্রতিকুল, প্রদে-

শিনী ও অঙ্গুষ্ঠের মধ্যবর্ত্তী স্থান।

অবসব্য —বামেতর, দক্ষিণ, ডান, প্রতিকুল।

স্মরস্তম্ব —মেঢ্র, উপস্থ, লিঙ্গ।

নিকুরম্ব —সমূহ, অধিক, বহু।

সন্তালম্ব —অপাশ্রয়, ঘেরা জায়গা।

অপ্রলম্ব —(অবিলম্ব) সত্বর, শীঘ্র, ঝটিতি, ত্বরিত।

অবলম্ব —আশ্রয়, যাহাতে ঝুলিয়া থাকে, গ্রহণ।

নিরালম্ব —নিরাশ্রয়, অবলম্বন রহিত, আশ্রয়হীন।

অন্তর্লম্ব —সূক্ষ্ম কোণী ত্রিভুজ।

আত্তগর্ব্ব —হতগর্ব্ব, পরাভূত, আক্রান্ত।

পঞ্চপর্ব্ব —চতুর্দ্দশী-অষ্টমী-পূর্ণিমা-অমাবস্যা-সংক্রান্তি

ভূস্তপর্ব্ব —কৃষ্ণের যজ্ঞোপবীতোৎসব-শ্রাবণী পূর্ণিমা

শরৎপর্ব্ব —কোজাগর পূর্ণিমা।

অব—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

নিরবয়ব —অবয়বহীন, নিরাকার, পরমাণু, নিরঙ্গ।

মুনিপুঙ্গব —মুনি শ্রেষ্ঠ, মুনিবর।

নরপুঙ্গব —নর শ্রেষ্ঠ।

পঞ্চপাণ্ডব —যুধিষ্ঠির-ভীম-অর্জ্জুন-নকুল-সহদেব-৫।

ধূর্ত্তকিতব —দ্যূতক্রীড়ক, ধূর্ত্ত।

দধিশক্তব —দধিমিশ্রিত শক্তু।

শণতান্তব —শণসূত্রে নির্ম্মিত।

মেদিনীদ্রব —ধূলি, ধূলা, কাশ্মরী বৃক্ষ।

সরলদ্রব —সরলবৃক্ষের রস, ধূনা, টার্পিন।

বেণিমাধব —প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ দেবতা বিং।

নীলমাধব —বিষ্ণু, কৃষ্ণ।

লোকবান্ধব—সূর্য্য, দিবাকর।

মাতৃবান্ধব —মাতার মাসতো কি পিস্তুতো ভাই।

অহর্ব্বান্ধব —চন্দ্র, সূর্য্য, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।

সৌরসৈন্ধব —সুরসিন্ধু সম্বন্ধীয়, গাঙ্গেয়,সূর্য্য'ঘোটক।

অর্দ্ধমানব —দ্বাদশ যষ্টিক হার, বার নর হার।

শাতমন্যব —শতমন্যু সম্বন্ধীয়, ইন্দ্র সম্বন্ধীয়।

আনন্দার্ণব —পরমেশ্বর, জ্যোতিষ প্রসিদ্ধ যোগ বিং।

কৃত্তিকাভব —চন্দ্র, শশধর।

রেবতীভব —শনিগ্রহ, শনৈশ্চর।

মহানুভব —উদার স্বভাব,মহাত্মা,মহাপ্রকৃতি,শ্রেষ্ঠ।

অপুংপ্রভব—পিতা কি মাতারজনয়িত্রী,পিতারজনয়িত্রী

সঙ্কল্পভব —মনসিজ, কামদেব, কন্দর্প, মদন।

আষাঢ়ভব —মঙ্গল গ্রহ।

মলয়োদ্ভব—চন্দন।

অর্ণবোদ্ভব—অগ্নিজার বৃক্ষ, চন্দ্র, অমৃত, সমুদ্রজাত।

অশিতম্ভব —ভক্ত, ভাত, খাদ্য দ্রব্য, ওদন।

বায়ুসম্ভব —বায়ুপুত্র-ভীম, হনুমান।

মুখসম্ভব —ব্রাহ্মণ, ব্রহ্মার মুখ জাত বর্ণ।

নাগসম্ভব —সিন্দূর।

ভোজ্যসম্ভব—শরীর রস, ধাতু প্রভৃতি।
আত্মসম্ভব —আত্মা হইতে যাহার উৎপত্তি=পুত্র।
চন্দ্রসম্ভব —চন্দ্র পুত্র=বুধ, বুধগ্রহ।
কুম্ভসম্ভব —অগস্ত্য, দ্রোণাচার্য্য, বশিষ্ঠ।
কুলসম্ভব —কুলোৎপন্ন, কুলে জাত, কুলোদ্ভব।
অপুনর্ভব —মোক্ষ, পুনর্জ্জন্ম নাহওয়া, কৈবল্য।
রক্তকৈরব —রক্তকম্বল, রক্তকুমুদ।
মহারৌরব —নরক বিং।
কাকলীরব —কোকিল।
রাগষাড়ব —গুড় এবং তৈল পাককরা আম্রের আচার
দীর্ঘপল্লব —শণবৃক্ষ।
পঞ্চপল্লব —আম্র-অশ্বত্থ-বট-পাকুড়-যজ্ঞডুমুর = ৫,
তন্ত্রমতে-পনস-আম্র-অশ্বত্থ-বট-বকুল=৫।
রক্তপল্লব —অশোক বৃক্ষ।
বনপল্লব —শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ।
তাম্রপল্লব —অশোক বৃক্ষ।
করপল্লব —অঙ্গুলি, কর শাখা।
ধরণীপ্লব —পৃথিবী যাহার উপর ভাসে, সমুদ্র।
রাজবিপ্লব —[রাষ্ট্রবিপ্লব] রাজদ্রোহ।
চিত্তবিপ্লব —বুদ্ধিভ্রংশ, বাতুলতা, উন্মাদ।
দিনকেশব —অন্ধকার, তমঃ।
বদনাসব —মুখামৃত, থুথু।

প্রতিপ্রসব —নিষিদ্ধের পুনর্ব্বিধান।
রক্তপ্রসব --রক্ত করবীর,লাল করবী।
কুসুমাসব --পুষ্প মধু, মকরন্দ।
কার্ত্তিকোৎসব-কার্ত্তিকী পূর্ণিমা, জ্যোৎস্না, কৌমুদী।
বসন্তোৎসব--(মদনোৎসব)হোলী, হোলাকা, দোলযাত্রা
নয়নোৎসব--প্রদীপ,আলোক,চক্ষুর আনন্দ,সুন্দরবস্তু।
উপদেষ্টব্য —শিক্ষণীয়, উপদেশ দিবার যোগ্য।
প্রার্থয়িতব্য—প্রার্থনা করিবার যোগ্য,যাচিতব্য।
অচিন্তিতব্য—অচিন্ত্য, চিন্তার অতীত।
অচলিতব্য —অচলনীয়, যাহা চলেনা।
ইতিকর্ত্তব্য —ইহা করা উচিত, পূর্ব্বাবধারিত কর্ম্ম।
ব্যবহর্ত্তব্য —বিবাদাস্পদীকৃত, ব্যবহার যোগ্য।
পরিহর্ত্তব্য —পরিহার্য্য, ত্যাগোপযুক্ত, ত্যাজ্য, বাল্য।
রাজকদম্ব —কদম্ব পুষ্প বিশেষ, ভেলক, ভেলা।
কেলিকদম্ব —স্বনাম প্রসিদ্ধ বিখ্যাত বৃক্ষ বিং।
ধূলীকদম্ব —তিনিশ,বরুণ বৃক্ষ,কদম্ববৃক্ষ বিং, নীপ।
মুক্তাপ্রলম্ব —মুক্তার মালা।
তালপ্রলম্ব —তালজটা।
অনবলম্ব —লম্বন রহিত,নিরাশ্রয়,অশরণ,গতিহীন।
দামনপর্ব্ব —মদনভঞ্জ তিথি,চৈত্র শুক্ল চতুর্দ্দশী।
অঙ্গুলিপর্ব্ব —আঙ্গুলের গিরার মধ্যবর্ত্তী স্থান, গাঁইট।

অব—অন্ত। (৬) ষড়ক্ষর।

সপ্তাংশুপুঙ্গব—শনিগ্রহ।

গর্ভপরিস্রব —গর্ভসহ পতিত পদার্থ, স্থূল।

মধ্যমপাণ্ডব —অর্জ্জুন, ধনঞ্জয়।

মালতীমাধব—ভবভূতি প্রণীত নাটক বিং।

কুমুদবান্ধব —চন্দ্র, চাঁদ, কর্পূর।

গণ্ডূপদভব —সীসক, সীসা।

অনন্তপ্রভব —পৃথক্ ২ বস্তু বা জাতির মিশ্রণে উৎপন্ন

শ্রীপদপ্রভব —আম্র বৃক্ষ।

আনন্দপ্রভব —(মজ্জসমুদ্ভব) রেতঃ, বীর্য্য।

সম্মূর্চ্ছনোদ্ভব—মৎস্য বা অন্যান্য জলচর প্রাণী।

গোধূমসম্ভব —কাঞ্জিক বিং।

কুমারসম্ভব —কালীদাস প্রণীত কাব্য বিং।

আহারসম্ভব—আহারোৎপন্ন=শরীরস্থ রস-ধাতু।

অব—অন্ত। (৭) সপ্তাক্ষর।

পূর্ব্বফল্গুনীভব —বৃহস্পতি, সুরগুরু।

স্পর্শমণিপ্রভব —সুবর্ণ, সোণা।

প্রতিযোজয়িতব্য-যোজনীয়, তন্ত্র্যাদির দ্বারা যোজ্য।

ব্যবস্থাপয়িতব্য—ব্যবস্থাপনীয়, বিধিস্থাপন যোগ্য।

আব—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্র্যাব্—(ইং) কাঁকড়া।

শ্রাব্—(ইং) গুল্ম।

ধাব্ —(ধা) শুদ্ধিকরণ-ধৌত, দ্রুতগমন-ধাবন, অনুধাবন।
ডাম্ব্ —(ইং) বোবা, হাবা, পশ্বাদির ধাড়ী।
থাম্ব্ —(ইং) বৃদ্ধাঙ্গুলি।
লাম্ব্ —(ইং) মেষ শাবক।
আব —(যাং) এক্ষণ, মাতামহী, জল। (দেং) ব্রণ বিং
আঁব —(দেং) আম, আম্র, চূত।
গাব —(দেং) গর্ভ, গর্ভবতী, ফল বিং।
শ্রাব —শ্রবণ, আকর্ণন।
স্রাব —ক্ষরণ, পতন, ভ্রংশ।
যাব —অলক্তক, আলতা। (দেং) গরুর জন্য ছানি।
ডাব —(দেং) জলপূর্ণ অপক্ক নারিকেল।
দাব —দাবানল, বনাগ্নি, অগ্নি, তাপ, বন। (দেং) ঠাসন
দ্রাব —গতি, গমন, পলায়ন, ক্ষরণ, শীঘ্রগমন, উত্তাপ।
স্নাব —মাংসপেশী।
ভাব —স্বভাব, মনঃ, আশয়, আত্মা, মনোবিকারবিং, বিজ্ঞ, জগৎ, সংসার, চেষ্টা, শরীরের ভঙ্গি, পদার্থ, সৃষ্টি, আশ্রয়, ধাত্বর্থ, পূজ্য, বিদ্বান্, উপদেশ, যোনি, লীলা, জন্ম, মানস বিকার, বিশেষ, বিভূতি, উৎপত্তি, স্থিতি, বিলাস, সম্ভাবনা, চেতন পদার্থ।
রাব —শব্দ, ধ্বনি, রব, চীৎকার।
লাব —পক্ষী বিং, ছেদন, কর্ত্তন।
শাব —শিশু, বৎস, শাবক, ছানা, শবসম্বন্ধীয়।

শ্যাব —পিঙ্গল- কপিশ-কৃষ্ণপীত মিশ্রবর্ন, তদ্বর্ণযুক্ত।
হাব —যুবতীর বিলাসচেষ্টা-অঙ্গভঙ্গীবিং,আহ্বান,ডাক
কাব্য —শুক্রাচার্য্য, রস যুক্ত বাক্য,(দেং)কৌতুক।
শ্রাব্য —শ্রবণ যোগ্য,শ্রোতব্য, শুনিবার উপযুক্ত।
যাব্য —মিশ্রণীয়, মিশান, যোজনীয়।
দ্রাব্য —যে সকল বস্তু তাপ সংযোগেদ্রব হইয়াতরলহয়
নাব্য —যেস্থানে নৌকা দ্বারা যাওয়া যায়, তরুণাবস্থা
ভাব্য --যাহা অবশ্য হইবে, ভবিতব্য, সাধ্য।
লাব্য --ছেদন যোগ্য, কাটিবার উপযুক্ত।
সার্ব্ব —সর্ব্বহিতকর, সর্ব্বসম্বন্ধীয়, জিন, বুদ্ধ।
সার্প্য —অশ্লেষা নক্ষত্র।

আব—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বিক্ষাব --শব্দ, ধ্বনি, কাশী, কাশ রোগ।
আস্রাব --যাতনা, প্রবাহ।
নিস্রাব --ক্ষরণ, দ্রব বস্তুর বহির্গমন, ভাতের মাড়।
প্রস্রাব --মূত, মূত্র।
বিশ্রাব —খ্যাতি, প্রসিদ্ধি, ক্ষরণ, স্রোত।
সংশ্রাব —প্রতিজ্ঞা, সম্পর্ক, অঙ্গীকার, মিশ্রণ।
সংযাব —খাদ্যদ্রব্য বিং, পেরাকী, পিষ্টক বিং।
কেতাব —(যাং) বহি, পুস্তক।
খেতাব—(যাং) উপাধি, নাম।
প্রস্তাব —কথানুষ্ঠান,বৃত্তান্ত,উপন্যাস,প্রকরণ,প্রসঙ্গ,

অবসর, পদ, সুযোগ, প্রসঙ্গ স্তুতি।

সংস্তাব—স্তবাদি পাঠ করার স্থান।

সংদাব—[সংদ্রাব, সন্দাব, সান্দ্রাব, প্রদ্রাব] পলায়ন।

উদ্যাব—মিশ্রণ, সংযোজন।

উদ্রাব—চীৎকার, উচ্চৈঃশব্দ।

বিদ্রাব—গলন, পলায়ন, নিন্দা, বুদ্ধি, যুদ্ধ, প্রত্যাবর্ত্তন, ভয়

ব্যাধাব—বজ্র, অশনি।

জোনাব—(যাং) সমীক্ষে, হজুর, নিকটে।

নিষ্পাব—নিস্তুষী করণ, আগড়া, শিম্বিকা, নির্ব্বিকল্প, নিশ্চিত, রাজমাষ, সূর্প বায়ু।

কবাব—(যাং) মাংসাদি পাকভেদ।

নবাব—(যাং) রাজপ্রতিনিধি, শাসন কর্ত্তা, আমির।

রবাব—বাদ্য যন্ত্র বিং, বেহালা ইত্যাদি।

অভাব—অবিদ্যমানতা, অসত্বা, অনুপস্থিত, ধ্বংস, মৃত্যু।

প্রভাব—প্রতাপ, ধন ও রণজনিত তেজঃ, শান্তি, প্রভু শক্তি, মহিমা, শক্তি, সামর্থ্য, উদ্ভব।

বিভাব—কাব্যে বর্ণিত রতি-হর্ষ-ক্রোধাদির কারণ, তাহা ২ যথা উদ্দিপন-আলম্বন ও পরিচয়।

স্বভাব—প্রকৃতি, স্বাভাবিক অবস্থা, স্বরূপ, আত্মভাব, অভিপ্রায়, উদ্দেশ্য।

প্রাগ্‌ভাব-সম্ভাবনা, অভাব বিং, প্রাগ্বর্ত্তী অভাব।

উদ্ভাব—জন্ম, তাপ, বাষ্প, উষ্মা।

সদ্ভাব—সত্তা, স্থিতি, সাধুতা, মৈত্রী, প্রণয়, বন্ধুতা সৎধাতু, সৎ মেজাজ, সততা।

সম্ভাব—সংগ্রহ, সমূহ, পুষ্টিসাধন, পোষণ, পরিপূর্ণতা।

আরাব—[সংরাব] ধ্বনি, শব্দ, নাদ, রুদ, ঘোষ।

খারাব—(যাং) নষ্ট, নিকৃষ্ট, মন্দ।

বিরাব—শব্দ, ধ্বনি, গোলমাল, রবহীন।

শরাব—শরা, মদ্য, একসের, বর্দ্ধমানক।

সরাব—মৃৎপাত্র, সরা।

আপ্লাব—স্নান, অবগাহন, জলপ্লাবন, জলসেচন।

বিপ্লাব—জলপ্লাবন, অশ্বের প্লুতগতি, লম্ফপূর্ব্বক গমন।

হিসাব—(যাং) গণনা, নিকাশ।

আহাব—ক্ষুদ্র জলাশয়, চৌবাচ্চা, যুদ্ধ, আহ্বান।

অশ্রাব্য—যাহা শ্রবণ যোগ্য নহে, শ্রুতি কটু।

সুশ্রাব্য—উত্তম রূপে শ্রবণ যোগ্য, শুনিতে মধুর।

সম্ভাব্য—সম্ভাবনার যোগ্য, শ্লাঘ্য, প্রশংসনীয়।

আব—অন্ত। (৪) চতুরক্ষর।

মুখস্রাব—মুখামৃত, লালা, থুথু।

গর্ভস্রাব—পেটখসা, রোগাদি বা ঔষধাদি দ্বারা গর্ভভ্রংশ

লালাস্রাব—লূতা, মাকড়সা, ঊর্ণনাভ।

অসিধাব—যে অস্ত্রাদি ধার করে, শাণকর।

অর্দ্ধনাব—নৌকার অর্দ্ধভাগ।

আসবাব—(যাং) বস্তু সমস্ত, গৃহসজ্জা।